গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৬৫/২০১৮-২০১৯

ঢাকা, রোববার ২৪ ফেব্রুয়ারি ২০১৯, ১২ ফাল্গুন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতি আজ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তির বিশ্ববিদ্যালয়ে যাচ্ছেন
২। কর্ণফুলী নদীতে টানেল নির্মাণকাজ উদ্বোধন করতে প্রধানমন্ত্রী চট্টগ্রাম যাচ্ছেন আজ
৩। বারবার অভিযান পরিচালনা সত্ত্বেও পুরান ঢাকা থেকে কেমিক্যালের গুদাম না সরানো দুঃখজনক বার্ন ইউনিট পরিদর্শনকালে প্রধানমন্ত্রী
৪। চকবাজারের অগ্নিকাণ্ডে চিকিৎসাধীন প্রত্যেককে ৫০ হাজার টাকা করে অনুদান প্রধানমন্ত্রীর
৫। সমন্বিত পদক্ষেপের মাধ্যমে কেমিক্যাল সরিয়ে ফেলা হবে : পুরান ঢাকার অগ্নিকাণ্ডস্থল পরিদর্শনকালে সেতুমন্ত্রী
৬। চকবাজারের কেমিক্যাল গোডাউন শীঘ্রই সরিয়ে নেওয়া হবে : ত্রাণ প্রতিমন্ত্রী
৭। অগ্নিকাণ্ডে প্রাণহানির ঘটনায় জাতিসংঘ মহাসচিব ও আমিরাতের নেতাদের শোক
৮। বঙ্গবন্ধু উপাধির সুবর্ণজয়ন্তী উপলক্ষে ডাকটিকিট অবমুক্ত করলেন প্রধানমন্ত্রী
৯। সরকার উন্নয়ন সুবিধা তৃণমূলে পৌঁছে দিচ্ছে : পীরগঞ্জে স্পিকার
১০। পুষ্টিকর ও নিরাপদ খাবার নিশ্চিত করাই সরকারের সামনে বড় চ্যালেঞ্জ : কৃষিমন্ত্রী
১১। শিশুদের স্মার্টফোন অপব্যবহাররোধে অভিভাবকদের সচেতন হতে হবে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী
১২। গণশুনানির নামে ষড়যন্ত্র হচ্ছে : আইনমন্ত্রী
১৩। জার্মান সাংবাদিকদের ওপর রোহিঙ্গাদের হামলা দুঃখজনক : সিলেটে পররাষ্ট্রমন্ত্রী
১৪। প্রধানমন্ত্রীর সুদক্ষ নেতৃত্বে দেশ উন্নয়নের মহাসড়কে : পরিকল্পনামন্ত্রী
১৫। ধর্মীয় স্বাধীনতা নিশ্চিতে সরকার বদ্ধপরিকর : এলজিআরডি মন্ত্রী
১৬। ১০টি আধুনিক ইটভাটায় দেশের চাহিদা মেটানো সম্ভব : পরিবেশমন্ত্রী
১৭। দেশের সার্বিক উন্নয়নে দুর্নীতির মূলোৎপাটন করতে হবে : মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

**১। রাষ্ট্রপতি আজ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তির বিশ্ববিদ্যালয়ে যাচ্ছেন**

আজ নোয়াখালীতে যাচ্ছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। আজ (২৪ ফেব্রুয়ারি রোববার) নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তির বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) অনুষ্ঠেয় দ্বিতীয় সমাবর্তনে সভাপতিত্ব করবেন তিনি। রাষ্ট্রপতিকে বরণ করে নিতে বর্ণিলভাবে সাজানো হয়েছে নোবিপ্রবির গোটা ক্যাম্পাস। জোরদার করা হয়েছে নিরাপত্তা ব্যবস্থা। বিশ্ববিদ্যালয়ের সদ্যনির্মিত বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিব হল এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল দু'টি উদ্বোধনের কথা রয়েছে রাষ্ট্রপতির। সূত্র-**সমকাল** (প.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬)।

**২। কর্ণফুলী নদীতে টানেল নির্মাণকাজ উদ্বোধন করতে প্রধানমন্ত্রী চট্টগ্রাম যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২৪ ফেব্রুয়ারি রোববার) চট্টগ্রাম যাচ্ছেন। তিনি আজ বেলা **১১**টায় চট্টগ্রাম নগরীর পতেঙ্গায় কর্ণফুলী নদীর তলদেশে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল নির্মাণ প্রকল্পের বোরিং কার্যক্রমের উদ্বোধন এবং টানেল প্রকল্পের কনস্ট্রাকশন ইয়ার্ড পরিদর্শন করবেন। এছাড়া বেলা সাড়ে **১১**টায় পতেঙ্গার রিং রোডে এক সমাবেশে বক্তব্য রাখবেন। তিনি বোরিং কার্যক্রম উদ্বোধনশেষে টানেল গেটের কাছে বোরিংপয়েন্টে এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ফলক উন্মোচন করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

**৩। বারবার অভিযান পরিচালনা সত্ত্বেও পুরান ঢাকা থেকে কেমিক্যালের গুদাম না সরানো দুঃখজনক : বার্ন ইউনিট পরিদর্শনকালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুরান ঢাকা থেকে রাসায়নিকের গুদাম সরানোর জন্য সংশ্লিষ্ট সবার সম্পূর্ণ সহযোগিতা কামনা করে বলেছেন, বারবার অভিযান পরিচালনা করার পরও এখনো সেখানে রাসায়নিকের গুদাম রয়েছে, যা দুঃখজনক। তবে চকবাজার ট্রাজেডি পুরান ঢাকার রাসায়নিক গুদাম মালিকদের জন্য একটি শিক্ষণীয় ঘটনা। এবার নিশ্চয়ই এসব গুদাম অন্যত্র সরিয়ে নিতে তারা আর আপত্তি করবেন না। চকবাজার বা নিমতলীর মতো ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনার যেন পুনরাবৃত্তি ঘটতে না পারে সেজন্য সচেতন থাকার জন্যও তিনি দেশবাসীর প্রতি আহ্বান জানান। গতকাল (২৩ ফেব্রুয়ারি শনিবার) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে চকবাজারের অগ্নিকাণ্ডে আহতদের দেখতে গিয়ে সাংবাদিকদের তিনি একথা বলেন। প্রধানমন্ত্রী চকবাজারের অগ্নিকাণ্ডের ঘটনাটিকে অত্যন্ত দুঃখজনক আখ্যায়িত করে যারা মৃত্যুবরণ করেছেন তাদের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (প.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **অবজারভার** (প.১,ক.২)।

**৪। চকবাজারের অগ্নিকাণ্ডে চিকিৎসাধীন প্রত্যেককে ৫০ হাজার টাকা করে অনুদান প্রধানমন্ত্রীর**

পুরান ঢাকার চকবাজারের ভয়াবহ অগ্নিকাণ্ডে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে চিকিৎসাধীন ৯ জনকে ইনটেনসিভ কেয়ার ইউনিটে (আইসিইউ) রাখা হয়েছে। তাদের মধ্যে ৫ জনের অবস্থা আশংকাজনক। দগ্ধদের চিকিৎসার ব্যয়ভার বহন করছে সরকার। চিকিৎসাধীন প্রত্যেককে ৫০ হাজার টাকা করে দেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা বার্ন ইউনিটের প্রধান সমন্বয়কারী ডা. সামন্তলাল সেনকে নির্দেশ দিয়েছেন। গতকাল (২৩ ফেব্রুয়ারি শনিবার) চিকিৎসাধীনদের দেখতে এসে এ নির্দেশনা দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর পক্ষ থেকে দেওয়া অনুদানের টাকা ডা. সামন্তলাল সেন গতকালই পেয়েছেন। সূত্র-**ইত্তেফাক (**শেষ পৃ, ক.**১)**, **সমকাল** (প.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

**৫। সমন্বিত পদক্ষেপের মাধ্যমে কেমিক্যাল গুদাম সরিয়ে ফেলা হবে : পুরান ঢাকার অগ্নিকাণ্ডস্থল পরিদর্শনকালে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা অবিলম্বে পুরান ঢাকার অনিরাপদ ও ঝুঁকিপূর্ণ কেমিক্যাল গোডাউন সরিয়ে ফেলার নির্দেশ দিয়েছেন। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এ বিষয়ে ইতোমধ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে। এ এলাকায় যে অবস্থা বিরাজ করছে তা বিবেচনা করেই ব্যবস্থা নেওয়া হবে। সমন্বিত পদক্ষেপের মাধ্যমে অবৈধ, অনিরাপদ ও ঝুঁকিপূর্ণ কেমিক্যাল গুদাম অবিলম্বে সরিয়ে ফেলা হবে। এ বিষয়ে কোনো আপোষ করা হবে না। গতকাল (২৩ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর চকবাজারের চুড়িহাট্টায় অগ্নিকাণ্ডের স্থল সরেজমিনে পরিদর্শনশেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক (**পৃ.**১**,ক.**১)**, **সংবাদ** (প.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

**৬। চকবাজারের কেমিক্যাল গোডাউন শীঘ্রই সরিয়ে নেওয়া হবে : ত্রাণ প্রতিমন্ত্রী**

জনগণের স্বার্থে পুরান ঢাকা ও চকবাজার থেকে কেমিক্যাল গোডাউন খুব শীঘ্রই সরিয়ে নেওয়া হবে বলে আশ্বাস দিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান। গতকাল (২৪ ফেব্রুয়ারি শনিবার) সাভারের আশুলিয়ার পল্লী বিদ্যুৎ এলাকায় এক অনুষ্ঠানে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। ত্রাণ প্রতিমন্ত্রী আরও বলেন, চকবাজারের ঘটনায় আমরা শোকাহত। নিহত ও আহতদের প্রত্যেকের পরিবারকে সরকারিভাবে সাহায্য করা হবে। সাহায্যের কোনো ঘাটতি থাকবে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ অনুযায়ী খুব শীঘ্রই পুরান ঢাকা ও চকবাজার থেকে কেমিক্যালের গোডাউন সরিয়ে নেওয়া হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.৭,ক.৫)।

**৭। অগ্নিকাণ্ডে প্রাণহানির ঘটনায় জাতিসংঘ মহাসচিব ও আমিরাতের নেতাদের শোক**

রাজধানীর পুরান ঢাকার চকবাজারে ভয়াবহ অগ্নিকাণ্ডে প্রাণহানির ঘটনায় গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং সংযুক্ত আরব আমিরাতের শীর্ষনেতারা। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে পাঠানো পৃথক শোকবার্তায় তারা এ সমবেদনা জ্ঞাপন করেন। নিউইয়র্কে জাতিসংঘ মিশনের মাধ্যমে পাঠানো শোকবার্তায় জাতিসংঘ মহাসচিব বলেন, নির্মম এ ঘটনায় যারা নিহত হয়েছেন, তাদের পরিবার ও বাংলাদেশের জনগণের প্রতি রইল গভীর সমবেদনা। সেইসঙ্গে ২০ জানুয়ারির ঐ ঘটনায় যারা আহত হয়েছেন, তাদের দ্রুত আরোগ্য কামনা করেন জাতিসংঘ মহাসচিব। সূত্র-**সমকাল** (প.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৮। বঙ্গবন্ধু উপাধির সুবর্ণজয়ন্তী উপলক্ষে ডাকটিকিট অবমুক্ত করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বঙ্গবন্ধু উপাধিতে ভূষিত হওয়ার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে **১০** টাকা মূল্যমানের দুটি স্মারক ডাকটিকিট অবমুক্ত করেছেন। এ উপলক্ষে গণভবনে গতকাল (২৩ ফেব্রুয়ারি শনিবার) **১০** টাকা মূল্যমানের **১**টি উদ্বোধনী খাম ও **৫** টাকা মূল্যমানের **১**টি ডাটা কার্ডও অবমুক্ত করেন। স্মারক ডাকটিকিট, উদ্বোধনী খাম ও ডাটা কার্ড গতকাল থেকে ঢাকা জিপিও'র ফিলাটেলিক ব্যুরো থেকে বিক্রি করা হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (শেষ প,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**৯। সরকার উন্নয়ন সুবিধা তৃণমূলে পৌঁছে দিচ্ছে : পীরগঞ্জে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, সরকার উন্নয়ন সুবিধা তৃণমূলে পৌঁছে দিচ্ছে। সুষম উন্নয়নের মাধ্যমে আগামীর বাংলাদেশ হবে সুখী, সমৃদ্ধ, সুন্দর সোনার বাংলা। গতকাল (২৪ ফেব্রুয়ারি শনিবার) রংপুরের পীরগঞ্জের জয়ন্তীপুর ঘাটে করতোয়া নদীর ওপর সেতু নির্মাণ কাজের উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১১,ক.৫), **যায়যায়দিন** (প.১৫,ক.১)।

**১০। পুষ্টিকর ও নিরাপদ খাবার নিশ্চিত করাই সরকারের সামনে বড় চ্যালেঞ্জ : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, বর্তমান সরকারের সবচেয়ে বড় চ্যালেঞ্জ পুষ্টিকর ও নিরাপদ খাবার নিশ্চিত করা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৃষির ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন। গতকাল (২৩ ফেব্রুয়ারি শনিবার) টাঙ্গাইল শহীদ স্মৃতি পৌর উদ্যানে টাঙ্গাইল জেলাকে শতভাগ স্কাউট জেলা ঘোষণার আনুষ্ঠানিক স্বীকৃতি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী আরও বলেন, জঙ্গি ও মাদক থেকে দূরে থাকতে স্কাউটের বিকল্প নেই। দেশের স্বাধীনতাবিরোধী শক্তি জামায়াত, জঙ্গি ও মাদক থেকে দূরে থাকতে স্কাউটদের তিনি আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩), **সংবাদ** (পৃ.৪,ক.২)।

**১১। শিশুদের স্মার্টফোন অপব্যবহাররোধে অভিভাবকদের সচেতন হতে হবে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, এক সময় লাইব্রেরিতে গিয়ে মানুষের পড়ার প্রতি ছিল ঝোঁক। এখন স্মার্টফোন সে অভ্যাস কেড়ে নিয়েছে। এ ফোনের অপব্যবহার সম্পর্কে অভিভাবকদের সচেতন হতে হবে। গতকাল (২৩ ফেব্রুয়ারি শনিবার) কবি আবদুর রউফ ও মনজিল মুরাদ লাভলুর দু'টি কাব্যগ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (প.১৯,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

**১২। গণশুনানির নামে ষড়যন্ত্র হচ্ছে : আইনমন্ত্রী**

একাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে জাতীয় ঐক্যফ্রন্টের গণশুনানির প্রতি ইঙ্গিত করে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, ষড়যন্ত্র কিন্তু শেষ হয়নি। মন্ত্রী বলেন, ষড়যন্ত্র করে সপরিবারে বঙ্গবন্ধুকে যেভাবে হত্যা করা হয়েছিল, বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধেও তারা একইভাবে ষড়যন্ত্র করছে। সবাইকে এ বিষয়ে আরও সতর্ক থাকার আহ্বান জানান আইনমন্ত্রী। গতকাল (২৩ ফেব্রুয়ারি শনিবার) সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির শফিউর রহমান মিলনায়তনে বাংলাদেশ আইনজীবী সহকারী সমিতি আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (প.৪,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (পৃ.৪,ক.৬)।

**১৩। জার্মান সাংবাদিকদের ওপর রোহিঙ্গাদের হামলা দুঃখজনক : সিলেটে পররাষ্ট্রমন্ত্রী**

কক্সবাজারের উখিয়ায় তিন জার্মান সাংবাদিকের ওপর রোহিঙ্গাদের হামলার ঘটনাকে দুঃখজনক বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (২৩ ফেব্রুয়ারি শনিবার) সিলেট শহরের মিরাবাজারে মডেল হাই স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও সংবর্ধনা অনুষ্ঠানে যোগদান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (প.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **নিউ এজ** (পৃ.৩,ক.৬)।

**১৪। প্রধানমন্ত্রীর সুদক্ষ নেতৃত্বে দেশ উন্নয়নের মহাসড়কে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম.এ মান্নান বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদক্ষ নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এ উন্নয়ন ও অগ্রযাত্রা আরও বেগবান হবে। গতকাল (২৩ ফেব্রুয়ারি শনিবার) নগরীর উপশহরের বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র সিলেট বিভাগীয় অফিসে বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময়সভায় প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী বলেন, দেশের ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে পরিসংখ্যান ব্যুরোর বিকল্প নেই। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১০,ক.৬)।

**১৫। ধর্মীয় স্বাধীনতা নিশ্চিতে সরকার বদ্ধপরিকর : এলজিআরডি মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। সরকার সবার পূর্ণ ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত করতে বদ্ধপরিকর। গতকাল (২৩ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর সবুজবাগে ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহারে বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। মন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী সব সম্প্রদায়ের ধর্ম-কর্ম করার স্বাধীনতা নিশ্চিত করেছেন। সাম্প্রদায়িক অশান্তির ক্ষেত্রে সরকারের রয়েছে শূন্য সহনশীলতা বা জিরো টলারেন্স। সূত্র-**সমকাল** (প.৫,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৪)।

**১৬। ১০টি আধুনিক ইটভাটায় দেশের চাহিদা মেটানো সম্ভব : পরিবেশমন্ত্রী**

ইটভাটা বন্ধে নতুন আইন পাস হচ্ছে জানিয়ে পরিবেশ, বন ও জলবায়ুবিষয়ক মন্ত্রী শাহাব উদ্দিন বলেছেন, দেশের অবকাঠামো নির্মাণে সারাদেশে মাত্র ১০টি আধুনিক প্রযুক্তি সংবলিত ইটভাটা থাকলেই যথেষ্ট। এসব ইটভাটায় প্রতিদিন অন্তত এক লাখ ইট তৈরি করা যাবে। বছরের ৩৬৫ দিনই এগুলোতে ইট তৈরি হবে। গতকাল (২৩ ফেব্রুয়ারি শনিবার) সিলেটের টিলাগড় এলাকার বন্যপ্রাণী সংরক্ষণকেন্দ্র পরিদর্শনশেষে সিলেট বন বিভাগ ও পরিবেশ অধিদপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত মতবিনিময়সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৪)।

**১৭। দেশের সার্বিক উন্নয়নে দুর্নীতির মূলোৎপাটন করতে হবে : মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী**

মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী মো. আশরাফ আলী খান খসরু বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ উন্নয়নের অগ্রযাত্রায় এগিয়ে চলেছে। রূপকল্প ২০২১ বাস্তবায়নের পাশাপাশি দেশকে ২০৪১ সালের মধ্যে উন্নতির শিখরে নেওয়ার জন্যও সরকার কাজ করছে। এজন্য সকলকে একযোগে কাজ করতে হবে। দেশের সার্বিক উন্নয়ন করতে হলে দেশ থেকে দুর্নীতির মূলোৎপাটন করতে হবে। গতকাল (২৩ ফেব্রুয়ারি শনিবার) নেত্রকোনা জেলা শহরের সাতপাই আদর্শ শিশু বিদ্যালয়ে আয়োজিত প্রতিমন্ত্রীর সংবর্ধনা এবং বিদ্যালয়ের ৩৯তম পুরস্কার বিতরণী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.১)।

## সম্পাদকীয়

ক. **সমকাল :** হাওরের ফসল রক্ষা বাঁধ মেরামত ও সংস্কারের নির্ধারিত সময় পেরিয়ে গেলেও এখনও অর্ধেকের বেশি কাজ সম্পন্ন না হওয়ায় উদ্বেগ একাশ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **বণিক বার্তা :** সারাদেশের নদীগুলো দখল ও দূষণের কবলে হারিয়ে যেতে বসেছে উল্লেখ করে নদীগুলো দখলমুক্ত করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে সমন্বিতভাবে কাজ করার ওপর গুরুত্বারোপ।

গ. **যায়যায়দিন, যুগান্তর :** পুরান ঢাকার চকবাজারের ভয়াবহ অগ্নিকাণ্ডের কারণে অনেক হতাহত, প্রাণহানির ঘটনায় উদ্বেগ প্রকাশ করে দাহ্য রাসায়নিক গুদাম কারখানাগুলো অন্যত্র সরানোর দাবি।

ঘ. **যায়যায়দিন :** অর্থসূচকে পাকিস্তানের চেয়ে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় সন্তোষ প্রকাশ করে এ অগ্রগতির ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **যুগান্তর** : কোনো ধরনের দৃশ্যমান কারণ ছাড়াই নিত্যপণ্যের বাজারে অস্থিরতা ও দামবৃদ্ধি লক্ষ্য করা যাচ্ছে দুই সপ্তাহ ধরে উল্লেখ করে এ অবস্থায় সার্বক্ষণিক বাজার মনিটরিংয়ের মাধ্যমে নিত্যপণ্যের দাম যৌক্তিক রাখার বিকল্প নেই বলে মতপ্রকাশ।

চ. **নিউ এজ , ভোরের কাগজ :** ভাষা সৈনিকদের তালিকা প্রণয়ন, সবক্ষেত্রে বাংলা ভাষার ব্যবহার এবং বাংলা ভাষার দূষণরোধে সরকারকে জোরালো ভূমিকা নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীতে বায়ুদূষণ মারাত্মক পর্যায়ে পৌঁছেছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'পুষ্টিখাতে মনোযোগ বাড়াতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে অপুষ্টিমুক্ত বাংলাদেশ গড়তে অগ্রাধিকারভিত্তিতে পুষ্টিখাতে সরকারের অধিকতর মনোযোগের বিকল্প নেই।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা